



-ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ঃ-

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদগুলির নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে ঃ-

১। কলা অনুষদ

নিম্নমান সহকারি (পুনঃ বিজ্ঞপ্তি) টাঃ-৯৩০০-২২৪৯০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগসহ স্নাতক/সমমান পাস হইতে হইবে। প্রার্থীর কম্পিউটার অপারেটিং এ প্রশিক্ষণ আবশ্যিক। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। পূর্বে যাহারা আবেদন করিয়াছেন তাহাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।
---	-----------	---

২। বিজনেস স্টাডিজ অনুষদ

লিফটম্যান টাঃ -৯৩০০-২২৪৯০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	২ (দুই) টি	প্রার্থীকে এস.এস.সি পাশসহ লিফট রক্ষণাবেক্ষণ ও সংশ্লিষ্ট বিষয়ে ট্রেডকোর্স/ডিপ্লোমা পাশ-এর সার্টিফিকেট থাকিতে হইবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়
---	------------	--

৩। রোকেয়া হল

নিম্নমান সহকারি (পুনঃ বিজ্ঞপ্তি) টাঃ-৯৩০০-২২৪৯০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগসহ স্নাতক/সমমান পাস হইতে হইবে। প্রার্থীর কম্পিউটার অপারেটিং এ প্রশিক্ষণ আবশ্যিক। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। পূর্বে যাহারা আবেদন করিয়াছেন তাহাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।
---	-----------	---

৪। ফজলুল হক মুসলিম হল

কাঠ মিস্ত্রি টাঃ -৯০০০-২১৮০০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে এস.এস.সি/সমমান পাশসহ সংশ্লিষ্ট কাজে ডিপ্লোমা/ট্রেডকোর্স পাশ হইতে হইবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়।
--	-----------	--

৫। প্রধান প্রকৌশলীর দপ্তর

নিম্নমান সহকারি টাঃ-৯৩০০-২২৪৯০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণিতে স্নাতক/স্নাতকোত্তর পরীক্ষা পাশসহ কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে এবং সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। শিক্ষা জীবনে কোন তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
--	-----------	--

আবেদনকারীকে অবশ্যই আবেদনপত্রে তাহার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রী উল্লেখ করিতে হইবে। এইরূপ কোন তথ্য গোপন করিলে বা উল্লেখ না করিলে ভবিষ্যতে তাহার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হইবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হইবে। ইহাছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হইবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসা পত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রারের বরাবর লিখিত দরখাস্ত আগামী ৩১-১০-২০১৭ খ্রিষ্টাব্দ / ১৬-০৭-১৪২৪ বঙ্গাব্দ তারিখের মধ্যে ক্রমিক-১ এর আবেদনপত্র কলা অনুষদের ডিনের অফিসে, ক্রমিক-২ এর আবেদনপত্র বিজনেস স্টাডিজ অনুষদের ডিনের অফিসে, ক্রমিক-৩ এর আবেদনপত্র রোকেয়া হলের প্রভোস্ট-এর অফিসে, ক্রমিক-৪ এর আবেদনপত্র ফজলুল হক মুসলিম হলের প্রভোস্ট-এর অফিসে এবং ক্রমিক-৫ এর আবেদনপত্র প্রধান প্রকৌশলীর অফিসে পৌছাইতে হইবে।

চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হইবে।